

উদ্ভাবন নিয়ে মেতেছিল খুলনার শিক্ষার্থীরা

খুলনা অফিস •

তথ্য পদার্থ বা রসায়নের সূত্র কাজে লাগিয়ে নতুন উদ্ভাবনই নয়, পরিবেশবান্ধব বাড়ি বা রূপচর্চায় ভেঞ্চার ব্যবহার কীভাবে করা যায়, সে রকম উদ্ভাবন নিয়ে মেলায় এসেছিল খুলনা অঞ্চলের শিক্ষার্থীরা। নিজেদের উদ্ভাবিত প্রকল্প উপস্থাপন ছাড়াও সকাল থেকে দুপুর পর্যন্ত চলে কুইজ প্রতিযোগিতা ও প্রশ্নোত্তর পর্ব। সব মিলিয়ে দিনটি ছিল খুলনা অঞ্চলের পাঁচ জেলার সাড়ে ৪০০ শিক্ষার্থীর কাছে বিজ্ঞানের জয়োৎসবে মেতে থাকার দারুণ একটি দিন।

গতকাল সোমবার খুলনা সরকারি মহিলা কলেজ মিলনায়তনে সিটি ব্যাংকের পৃষ্ঠপোষকতায় এ উৎসবের আয়োজন করে প্রথম আলো। সহযোগিতা করেন খুলনা বহুসভার বন্ধুরা। সরকারি মহিলা কলেজ মিলনায়তনের সামনে সকাল নয়টায় খুদে বিজ্ঞানীদের নিয়ে খুলনা জেলা প্রশাসক মোস্তফা কামাল বেপ্তন উড়িয়ে উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর প্রাথমিক, নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক—এই তিনটি বিভাগে খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর ও গোপালগঞ্জের প্রায় ৩৫০ শিক্ষার্থী কুইজে অংশ নেন। একই সঙ্গে মিলনায়তনের বাইরে খুদে বিজ্ঞানীরা তাদের উদ্ভাবিত ৪০টি প্রকল্প উপস্থাপন করে।

দুপুরে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সরকারি বিএল কলেজ



নিজের উদ্ভাবিত প্রকল্প নিয়ে ব্যস্ত এক শিক্ষার্থী • ছবি : প্রথম আলো

ও খুলনা সরকারি মহিলা কলেজের চারজন শিক্ষক প্রকল্প দেখে ১৫টি প্রকল্পকে সেরা নির্বাচিত করেন। বেলা দেড়টায় সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মুহাম্মদ আলমগীর। প্রথম আলোর যুব কর্মসূচি ও বিজ্ঞান জয়োৎসবের সমন্বয়ক মনির হাসানের সঞ্চালনায় উৎসবের দ্বিতীয় পর্ব আরও বক্তব্য দেন সিটি ব্যাংক খুলনা ব্রাঞ্চার ব্যবস্থাপক মোহাম্মদ শফিকুল হক, বুয়েটের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক বিভাগের সহযোগী অধ্যাপক ফারসীম মান্নান মোহাম্মদী প্রমুখ।